

# মাদারীপুর সরকারি কলেজ, মাদারীপুর

স্থাপিত: ১৯৪৮ খ্রি.

কলেজ কোড: [ উচ্চ মাধ্যমিক-৫৫০০ ] [জাতীয় বিশ্ববিদ্যালয়- ৬৩০১]

ফোন: +৮৮০২৪৭৮৮১০১২৪, ওয়েব-সাইট: [www.mgc.ac.bd](http://www.mgc.ac.bd)

EiIN: 110785

E-mail: [gnc\\_edu@yahoo.com](mailto:gnc_edu@yahoo.com), [mgc2020edu@gmail.com](mailto:mgc2020edu@gmail.com)

তারিখ: ১৮/০২/২০২৪ খ্রি.

## ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি কার্যক্রমের অনলাইন প্রাথমিক আবেদনের

### সময় বৃদ্ধি সম্পর্কিত বিজ্ঞপ্তি :

এতদ্বারা জাতীয় বিশ্ববিদ্যালয়ের আওতাধীন মাদারীপুর সরকারি কলেজ, মাদারীপুর-এ ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে নিম্নোক্ত বিষয়সমূহে ভর্তির জন্য শিক্ষার্থীদের জন্য কাছ থেকে প্রাথমিক আবেদন আহ্বান করা যাচ্ছে।

ভর্তির বিষয়সমূহ :

কলা	সামাজিক বিজ্ঞান	ব্যবসায় প্রশাসন	বিজ্ঞান
বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন	রাষ্ট্রবিজ্ঞান অর্থনীতি	হিসাববিজ্ঞান ব্যবস্থাপনা	পদার্থবিজ্ঞান উদ্ভিদবিজ্ঞান প্রাণিবিদ্যা গণিত রসায়ন

আবেদনের যোগ্যতা এবং ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট [www.nu.ac.bd/admission](http://www.nu.ac.bd/admission) এর Prospectus/Important Notice থেকে জানা যাবে।


এ ভর্তির প্রাথমিক আবেদন ১৮ ফেব্রুয়ারি থেকে ২৮ ফেব্রুয়ারি ২০২৪ রাত ১২:০০ টা পর্যন্ত করা যাবে। প্রাথমিক আবেদন ফরম পূরণের জন্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট [www.nu.ac.bd/admission/Honours](http://www.nu.ac.bd/admission/Honours) Tab এ গিয়ে Apply Now (Honours) অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে উল্লেখিত তথ্য ছক পূরণ করতে হবে। একইভাবে সতর্কতার সাথে ছবি আপলোড করতে হবে এবং সঠিক মোবাইল নম্বর দিতে হবে। উল্লেখ্য, ভুল ছবি আপলোড করা হলে শিক্ষার্থীর ভর্তি বাতিল হবে। সতর্কতার সাথে তথ্য ছক পূরণ করে এবং ছবি আপলোড করে Submit Application অপশনে ক্লিক করার পর pdf ফরম্যাটে ফরমটি ডাউনলোড করে একটি রঙিন প্রিন্ট কপি পরবর্তী কাজের জন্য সংরক্ষণ করতে হবে।


❖ এরপর Duch Bangla Rocket সার্ভিস এ প্রাথমিক আবেদন ফি'স বাবদ নীট ৩৫০/- (তিনশত পঞ্চাশ) টাকা + রকেট সার্ভিস চার্জ বাবদ ৫/- (পাঁচ) টাকা = ৩৫৫/- টাকা জমা দিতে হবে। সে ক্ষেত্রে Enter Biller ID: এর স্থলে **3337** ব্যবহার করতে হবে এবং Enter Bill Number এর স্থলে অনলাইন আবেদন ফরমের Admission Roll (যা ডাউনলোডকৃত আবেদন ফরমে উল্লেখ আছে) ব্যবহার করতে হবে।

❖ **বর্তী** সার্ভিস এ Bill Number এর স্থলে Admission Roll ভুল এন্ট্রি দিলে কলেজ কর্তৃক শিক্ষার্থীর প্রাথমিক আবেদন নিশ্চয়ন করা যাবে না। সে জন্য অধিকতর সতর্কতার সাথে তথ্য এন্ট্রি করতে হবে।

বিশেষ দ্রষ্টব্য: কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন নিশ্চয়নের পর শিক্ষার্থী আবেদনপত্রে পদস্ত মোবাইল নম্বরে একটি এসএমএস পাবে। ২৯/০২/২০২৪ তারিখ সকাল ১০ টার মধ্যে এসএমএস না পেলে সাথে সাথে ভর্তি কমিটির আহ্বায়ক এর সাথে যোগাযোগ করে ফরম নিশ্চয়ন করতে হবে, অন্যথায় পরবর্তীতে তার ফলাফল প্রাপ্তির বিষয়ে কোন অভিযোগ গ্রহণযোগ্য হবে না। ইতোপূর্বে যে সকল শিক্ষার্থী অনলাইনে আবেদন করেছে কিন্তু আবেদন ফি জমা দেয়নি তারা নির্ধারিত সময়ের মধ্যে আবেদন ফি জমা দিতে পারবে।

প্রয়োজনে যোগাযোগ: জনাব মির মঞ্জুর-ই-মাওলা, সহকারী অধ্যাপক- ০১৬১২৪৬২৭০০, জনাব সালাউদ্দিন মুরাদ, প্রভাষক-০১৫৩৮০৭৪১১৪

  
 (প্রফেসর মোঃ জাশিম মিয়া)  
 আইডি নং- ১৮৬২  
 অধ্যক্ষ  
 মাদারীপুর সরকারি কলেজ  
 মাদারীপুর।  
 মাদারীপুর।

  
 আহ্বায়ক  
 ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কমিটি ২০২৩-২০২৪  
 মাদারীপুর সরকারি কলেজ,  
 মাদারীপুর।